



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ  
লাকসাম, কুমিল্লা



তারিখ: ০৮ নভেম্বর ২০২৩ খ্রি.


## বিজ্ঞপ্তি

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মেধা ও সাধারণ বৃত্তির অর্থ G2p পদ্ধতিতে ব্যাংক হিসেবে প্রেরণের জন্য যে সকল ছাত্রছাত্রী বিভিন্ন শিক্ষাবোর্ড থেকে এসএসসি ২০২৩ বৃত্তি পেয়েছে শুধুমাত্র তাদেরকে বাংলাদেশ ব্যাংকের তফসীলভুক্ত যে কোন ব্যাংক থেকে নিজ নামে (ছাত্র/ছাত্রী) ব্যাংক একাউন্ট খুলে ০৮/১১/২০২৩ খ্রি. তারিখ থেকে ১৬/১১/২০২৩ খ্রি. তারিখ বৃহস্পতিবার এর মধ্যে কলেজের ওয়েবসাইট [www.nfgc.edu.bd](http://www.nfgc.edu.bd) থেকে মেধা ও সাধারণ বৃত্তির তথ্য ছক ফরম ডাউনলোড করে নির্দেশনা অনুযায়ী স্বহস্তে পূরণপূর্বক কলেজ অফিস চলাকালীন জমাদানের জন্য নির্দেশ দেওয়া হলো।

### নিম্নলিখিত শর্তাবলীসমূহ লক্ষণীয়:

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে/১৮ বছরের নিচে শিক্ষার্থীদের ক্ষেত্রে পিতা/মাতার সাথে যৌথ নামে ব্যাংক হিসাব খুলতে হবে।
- ২। বৃত্তির গেজেট এর কপি (স্ব স্ব বোর্ড থেকে ১ম পৃষ্ঠা, শিক্ষার্থীর নামের পৃষ্ঠা ও শেষ পৃষ্ঠা)।
- ৩। স্ব স্ব প্রতিষ্ঠান থেকে বৃত্তি প্রাপ্তির প্রত্যয়নপত্র।
- ৪। শিক্ষার্থীর জন্মসনদ এর অনলাইন কপি, পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
- ৫। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে তথ্য ছক পূরণ করতে হবে।
- ৬। বিকাশ, শিউরক্যাশ, নগদসহ এ ধরনের কোন এজেন্ট ব্যাংকের মোবাইল হিসাব নম্বর প্রদান করা যাবে না।
- ৭। শিক্ষার্থীর সর্বশেষ পরীক্ষার আইডি/রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৮। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৯। চেক বইয়ের ১ম পৃষ্ঠা ও চেকের পাতার ১টি ফটোকপি এবং সর্বশেষ পাবলিক পরীক্ষার ফলাফল বিবরণী (অনলাইন কপি গ্রহণযোগ্য নয়) সংযুক্ত করতে হবে।

বিশেষ দ্রষ্টব্য: সরকারি ছুটির দিন ব্যাতিত অন্যান্য দিন কলেজ অফিস খোলা থাকবে।



প্রফেসর মিতা সফিনাজ (৩৫৯৫)

অধ্যক্ষ

নওয়াব ফয়জুল্লাহ সরকারি কলেজ

লাকসাম, কুমিল্লা।